

ঢাবিতে শুরু হচ্ছে দুদিনব্যাপী ‘বিজ্ঞান উৎসব’

ঢাবি প্রতিবেদক

২৪ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক **আমাদেশময়**



প্রথমবারের মতো ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কার্জন হল প্রাঙ্গণে শুরু হতে যাচ্ছে দুদিনব্যাপী ‘এস. এন. বসু জাতীয় বিজ্ঞান উৎসব-২০২৫’। বিজ্ঞানভিত্তিক জ্ঞানচর্চাকে অনুপ্রেরণা জোগাতে ‘বিজ্ঞান আড়ত’ নামে শিক্ষার্থীদের একটি প্ল্যাটফর্মের উদ্যোগে এ উৎসবের আয়োজন করা হচ্ছে। গতকাল শুক্রবার প্ল্যাটফর্মটির অন্যতম সংগঠক উমামা ফাতেমার পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

UNIBOTS

এতে বলা হয়, আজ শনিবার সকাল ১০টায় এ উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সায়মা হক বিদিশা, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. এনামুল হক, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন ড. উপমা কবির প্রমুখ। শনি এবং রবিবার সকাল ১০টা থেকে রাত পর্যন্ত চলবে এ উৎসব।

উৎসবে আইটি হ্যাকাথন, বিজ্ঞান অলিম্পিয়াড, বিজ্ঞানভিত্তিক সাধারণ জ্ঞান কুইজ, বিজ্ঞানভিত্তিক উপস্থিত বক্তৃতা, পোষ্টার প্রেজেন্টেশন, উদ্ভাবন ও প্রদর্শন, দাবা ও রুবিক'স কিউব ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করা হবে। এতে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের সকল ছাত্রছাত্রী অংশ নিতে পারবে।

আয়োজন উপলক্ষে কার্জন হল প্রাঙ্গণে বিজ্ঞানভিত্তিক বিভিন্ন কোম্পানি, গবেষণা প্রতিষ্ঠান ও প্রকাশনার সমন্বয়ে ৩০টি স্টল বসবে। এ ছাড়া উৎসব উপলক্ষে দর্শনার্থীদের জন্য পদার্থবিজ্ঞান বিভাগের সত্যেন বোস জাদুঘরটি খুলে দেওয়া হবে।